বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৭৪০২৫

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)বিবি(পরিদর্শন)/২০১৯-২০২০/২০ তারিখঃ ০৭/০৭/২০১৯ খ্রিঃ

১। মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

২। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ,
মিরপুর, ঢাকা।

বিষয়ঃ বাণিজ্যিক ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোট সর্টিং এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ পরিপালনের বিষয়টি ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের মাধ্যমে নিশ্চিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) এর ২৭/০৬/২০১৯ তারিখের সূত্র নং-ডিসিএমঃইহিশাঃ১১৪/২০১৯-২৩৯৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্রে উল্লেখ করা হয় যে, তফসিলি ব্যাংকসমূহে দক্ষ, নিরপেক্ষ ও সুশৃংখল নগদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে বিভিন্ন নির্দেশনা ও পরামর্শ প্রদান করে প্রদত্ত নির্দেশনাসমূহের পরিপালন নিশ্চিতকরণের নিমিত্ত আকস্মিক ভিত্তিতে পরিদর্শন কার্যক্রমও পরিচালনা করে থাকে। কিন্তু পরিদর্শনে প্রাপ্ত ফলাফলে দেখা গেছে, তফসিলি ব্যাংকের অধিকাংশ শাখাই বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অবহিত হয় না এবং অবহিত হলেও সঠিকভাবে পরিপালন করে না। পত্রে আরও উল্লেখ করা হয় যে, পর্যবেক্ষণে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষায় শাখাসমূহের ক্যাশ বিভাগের ক্যাশ সার্ভিস এবং নোট সর্টিং এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনাবলীর পরিপালন যাচাই করা হয় না। এ প্রেক্ষিতে নিম্নোক্ত দু'টি বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত পদক্ষেপ সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগকে অবহিতকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছেঃ

(ক) তফসিলি ব্যাংকের ক্যাশ ব্যবস্থাপনা বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সকল নির্দেশনার পরিপালন ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষায় নিশ্চিত করা তথা অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে "নগদ ব্যবস্থাপনা বিষয়ক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ পরিপালন"- শিরোনামে একটি অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করতে হবে।

(খ) শাখার নোট সর্টিং ও গ্রাহক সেবার মান উন্নয়নের নিমিত্ত ব্যাংকের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমে বিষয়সমূহ অন্তর্ভুক্ত করতঃ ব্যাংকের ক্যাশ ব্যবস্থাপনায় নিয়োজিত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি করতে হবে এবং প্রশিক্ষণের ফলাফল নিয়মিত যাচাই করতে হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ০২ নং অনুচ্ছেদের (ক) এ বর্ণিত নির্দেশনা মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ কর্তৃক এবং উক্ত অনুচ্ছেদের (খ) এ বর্ণিত নির্দেশনা অধ্যক্ষ, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা কর্তৃক যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
০৭/০৭/২০১৯
( মোহাম্মদ মনিরুল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/বিবি(পরিদর্শন)২০১৯-২০২০/২০ তারিখঃ ০৭/০৭/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

০৭.০৭.২০১৯
( মোঃ নিজামুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

সূত্র নংঃ ডিসিএম:ইহিশা:১১৪/২০১৯-২৩৯৭

তারিখ: ২৭/০৬/২০১৯

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর.............তারিখ ঃ
সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ / ২ / ৩
উপ-মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২৯ তারিখ ঃ 02.07.19
ডিএমডি........
জিএম OP
ডিজিএম........
ব্যবস্থাপনা পরিচালক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং- ২৫ তারিখ ০৩/০৭/১৯
ডিজিএম.
স্টাফ অফিসার
মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

**বাণিজ্যিক ব্যাংকের ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোট সর্টিং এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ পরিপালনের বিষয়টি ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের মাধ্যমে নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

আপনি অবগত আছেন যে, তফসিলি ব্যাংকসমূহে দক্ষ, নিরপেক্ষ ও সুশৃঙ্খল নগদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে বিভিন্ন নির্দেশনা ও পরামর্শ দিয়ে থাকে এবং প্রদত্ত নির্দেশনাসমূহের পরিপালন নিশ্চিত করণের নিমিত্ত আকস্মিক ভিত্তিতে পরিদর্শন কার্যক্রমও পরিচালনা করে। কিন্তু পরিদর্শনে প্রাপ্ত ফলাফল হতে দেখা যায় যে, তফসিলি ব্যাংকের অধিকাংশ শাখাই বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অবহিত হয়না এবং যে সকল নির্দেশনা অবহিত হয় সেগুলোও সঠিকভাবে পরিপালন করেনা। বর্ণিত পরিদর্শনে আরও পরিলক্ষিত হয় যে, আপনাদের অভ্যন্তরীণ নিরীক্ষায় শাখাসমূহের ক্যাশ বিভাগের ক্যাশ সার্ভিস এবং নোট সর্টিং এর বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনাবলীর পরিপালন যাচাই করা হয় না। ফলে শাখাসমূহে একই ধরনের অনিয়ম ক্রমাগতভাবে সংঘটিত হয়।

এ প্রেক্ষিতে, নিম্নোক্ত দু'টি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং এ বিষয়ে আপনাদের কর্তৃক গৃহীত পদক্ষেপ অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ

১. তফসিলি ব্যাংকের ক্যাশ ব্যবস্থাপনা বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সকল নির্দেশনার পরিপালন আপনাদের ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষায় নিশ্চিত করা তথা অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে "নগদ ব্যবস্থাপনা বিষয়ক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ পরিপালন"-শিরোনামে একটি অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করতে হবে।

২.শাখার নোট সর্টিং ও গ্রাহক সেবার মান উন্নয়নের নিমিত্ত ব্যাংকের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমে বিষয়সমূহ অন্তর্ভুক্ত করতঃ ব্যাংকের ক্যাশ ব্যবস্থাপনায় নিয়োজিত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি করতে হবে এবং প্রশিক্ষণের ফলাফল নিয়মিত যাচাই করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হাসান তারেক খাঁন)
যুগ্ম-পরিচালক
ফোন: ৫৫৬৬৫০০১-৬/২০৮৭২
০১৯১১৩৬৬৯১৪
email address: hasan.khan@bb.org.bd

[illegible]